



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৯১২.১৬- ৭৩

তারিখঃ ০৬/০২/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ মোবাইল সার্ভিসিং বিষয়ক ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য আগ্রহী সুফলভোগীদের নামের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পভুক্ত উপজেলায় সুফলভোগী গ্রামীন নারীদের আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমান চাহিদার প্রেক্ষাপটে মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং একটি বৈচিত্র্যপূর্ণ এবং লাভজনক পেশা। সুফলভোগী নারীদের মোবাইল সার্ভিসিং বিষয়ক ৩০ (ত্রিশ) দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণ কোর্স বাপার্ড, কোটালিপাড়া, গোপালগঞ্জে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগীদের প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো'র সহায়তায় প্রকল্পভুক্ত প্রতিটি ইউনিয়নে কমপক্ষে ০১ টি করে মোবাইল সার্ভিসিং সেন্টার স্থাপন করা হবে-যেখানে সংশ্লিষ্ট অন্যান্য সেবা (বিকাশ, মোবাইল ব্যাংকিং, মোবাইল লোডিং, কুরিয়ার সার্ভিস ইত্যাদি) প্রদানের সুযোগ থাকবে।

২। এমতাবস্থায়, উপজেলায় সংশ্লিষ্ট মহিলা সমিতি'র ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা নির্বাহী অফিসারকে সম্পূর্ণ রেখে প্রতিটি আদর্শ সমিতি হতে ০১ জন করে মোট ০৪ জন (আদর্শ সমিতির সদস্যদের অধাধিক করা দিতে হবে) নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন আগ্রহী সুফলভোগীর তালিকা প্রণয়ন করতঃ (সংযুক্ত ছক মোতাবেক) আগামী ১৬/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক। শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে।

খ। সুফলভোগী নারীদের বয়স ১৮-৩৫ বছর হতে হবে।

গ। বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জে ৩০ দিন অবস্থান করার বিষয়ে বৈধ অভিভাবকের অনুমতি থাকতে হবে।

ঘ। মোবাইল সার্ভিসিং সেন্টার স্থাপন ও পরিচালনার যোগ্যতা ও আগ্রহ থাকতে হবে।

ঙ। বৈচিত্র্যপূর্ণ এবং চ্যালেঞ্জিং পেশা গ্রহণে আগ্রহ থাকতে হবে।

৩। বিষয়টি অত্যন্ত জরুরী।


৬/০২/২০১৭

মোঃ সিফাত আজাদ
সহকারী পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮৯০৩১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

-----উপজেলা,

-----জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৩। পরিচালক (সরেজমিন), মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।

৬। অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমাধিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

উপজেলা-----, জেলা-----।

মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণে অগ্রহী আদর্শ সমিতির সদস্যদের তালিকাঃ

ক্রঃ নং	সদস্যের নাম ও আইডি নং	সমিতির নাম	ইউনিয়নের নাম	সদস্যত্বভুক্তির তারিখ	শিক্ষাগত যোগ্যতা	জন্ম তারিখ	০১/০২/২০১৭ তারিখে রয়স	মোবাইল নম্বর (নিজের/ পরিবারের)
০১								
০২								
০৩								
০৪								

স্বাক্ষরী পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা